



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ ও শারীরিক শিক্ষা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড, ঢাকা
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.১৬৯

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) কর্তৃক আয়োজিত আরবি ভাষায় অনলাইন প্রশিক্ষণে ১২১তম ব্যাচে (১২ নভেম্বর ২০২৩ থেকে ২৪ ডিসেম্বর ২০২৩, ৩৬ কর্মদিবস) ৩৩ জন সহকারী মৌলভীর তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: বিএমটিটিআই'র স্মারক নং-বিএমটিটিআই/২৩০/মাশিঅ/প্রশা:/২০১৬/২১৬৬; তারিখ: ১৯/১০/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত স্মারকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (BMTTI) কর্তৃক আয়োজিত ১২ নভেম্বর ২০২৩ থেকে ২৪ ডিসেম্বর ২০২৩ (৩৬ কর্মদিবস) পর্যন্ত আরবি ভাষায় অনলাইন প্রশিক্ষণে ১২১তম ব্যাচে অতিরিক্ত ০৩ জনসহ মোট ৩৩ জন সহকারী মৌলভীর তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়। তৎপ্রেক্ষিতে কামিল, ফাজিল, আলিম ও দাখিল মাদ্রাসার ১২১তম আরবি ভাষায় অনলাইন প্রশিক্ষণ কোর্সে ৩৩ জন সহকারী মৌলভীর তালিকা সংযুক্ত করে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রশিক্ষণ ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

(ক) প্রশিক্ষণ চলাকালীন প্রশিক্ষণার্থীগণের তালিকা আবশ্যিকভাবে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রি নিশ্চিত করতে হবে। ব্যত্যয় ঘটলে অধ্যক্ষ বিএমটিটিআই দায়ী থাকবেন;

(খ) মনোনীত শিক্ষকগণের মধ্যে অনুপস্থিতির তালিকা মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং: ৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.৩৫; তারিখ: ২০/০৫/২০২১ খ্রি.-এ বর্ণিত ছকে কোর্স সমাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে Compliance Report প্রেরণ করতে হবে এবং একই সাথে পরবর্তী কোর্স শুরু হওয়ার পূর্বে MEMIS সফটওয়্যারের ডাটাবেইজে এন্ট্রির তথ্য প্রেরণ করতে হবে;

(গ) প্রয়োজনে মোবাইলে/ব্যক্তিগতভাবে যোগাযোগপূর্বক প্রেরিত তালিকা অনুযায়ী সকল প্রশিক্ষণার্থীর উপস্থিতি নিশ্চিত করতে হবে;

(ঘ) যুক্তিসংগত ও গ্রহণযোগ্য কারণ ব্যতীত মনোনীত শিক্ষকগণ প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তা প্রতিষ্ঠান প্রধানের অসদাচরণ হিসেবে বিবেচিত হবে;

(ঙ) প্রশিক্ষণ কোর্স পরিচালনার ক্ষেত্রে সরকারি বিধিবিধানসমূহ প্রতিপালন করতে হবে।

সংযুক্তি: (১) বিএমটিটিআই'র প্রস্তাব- ১ ফর্দ।

(২) প্রশিক্ষণার্থীর তালিকা- ২ ফর্দ।

০৮-১১-২০২৩
মোঃ জিয়াউল আহসান
পরিচালক

অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট বোর্ডবাজার, গাজীপুর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৬.০৯.০০১.২১.১৬৯/১ (৭)

তারিখ: ২৩ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, মাদ্রাসা অনুবিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;

২। পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং PD, মেমিস, মাশিঅ। টিএমইডি'র নির্দেশনা অনুযায়ী প্রশিক্ষণার্থীদের তালিকা MEMIS সফটওয়্যারের Database-এ এন্ট্রি নিশ্চিতকরণের অনুরোধ করা হলো;

৩। উপ-পরিচালক (প্রশাসন), মাশিঅ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, সিনিয়র সহকারী সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ঢাকা;
- ৫। অধ্যক্ষ/সুপার ----- মাদ্রাসা, বর্ণিত তালিকার শিক্ষকগণকে অনুমতিপত্রসহ প্রশিক্ষণে অংশগ্রহণ নিশ্চিত করার অনুরোধ করা হলো;
- ৬। জনাব ----- সহকারী মৌলভী, ----- সংযুক্ত তালিকার বর্ণিত মাদ্রাসা এবং
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

০৮-১১-২০২৩

মোঃ সুলতান আহমেদ
সহকারী পরিচালক

সকল সংযুক্তিসমূহ:

- (১) ১১২ থেকে ২২১ অনলাইন অনুমোদন পত্র
(২) ১২১তম